

আজকের রাশিফল

॥ ১ মার্চ, বৃহস্পতিবার, ২০০৭ ॥

পাশ্চাত্য জ্যোতিষ পদ্ধতি অনুযায়ী রবি আজ মীন রাশিতে অবস্থান করছে। আজ যদি আপনার জন্মদিন হয় তবে পাশ্চাত্য জ্যোতিষে আপনি মীন রাশির জাতক/ জাতিকা। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর প্রভাবকারী গ্রহঃ বৃহস্পতি ও রবি। আপনার শুভ সংখ্যাঃ ১, ১০, ১৯, ২৮। শুভবারঃ বৃহস্পতি ও রবি। শুভবর্ণঃ হলুদ, বেগুনী, সাদা, কমলা ও গোলাপী। শুভরত্নঃ পোখরাজ, একুয়ামেরিন, রুবী।

প্রকৃতিগতভাবে আপনি মেধাবী, আশাবাদী ও সৃজনশীল। ধীরে ধীরে আপনি আত্মবিশ্বাসী হয়ে উঠবেন। আপনার অন্তর্দৃষ্টি প্রখর। ভবিষ্যৎ সম্পর্কে আপনার ইনটুইশন অনুসরণ করলে ভালো করবেন। আপনার সহমর্মিতাবোধ প্রখর। আপনি কিছুটা অস্থির। পরিকল্পনা অনুসারে কাজ করলে সফল হবেন।

জন্মগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিত্বঃ ড. মোহাম্মদ এনামুল হক, শেখ মহিউদ্দীন, মোহাম্মদ ওয়ালী উল্লাহ, নাট্যকার নূরুল মোমেন প্রমুখ।

দ্বাদশ রাশির পূর্বাভাস



মেস রাশি (২১ মার্চ-২০ এপ্রিল) ॥ ব্যবসায়ীদের জন্য দিনটি শুভ নয়। শত্রুপক্ষ আজ তৎপর হয়ে উঠতে পারে। পারিবারিক কারণে মনে দুশ্চিন্তা দেখা দিতে পারে। শরীর-স্বাস্থ্য ভালো যাবে। যাত্রা শুভ।



বৃষ রাশি (২১ এপ্রিল-২০ মে) ॥ বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ সম্ভাবনাময়। ব্যবসা ক্ষেত্রে সাময়িক সমস্যা সৃষ্টি হতে পারে। মানসিক চঞ্চলতা দেখা দিতে পারে। আর্থিক উৎসগুলো সচল থাকবে। ব্যয় বৃদ্ধির আশঙ্কা আছে।



মিথুন রাশি (২১ মে-২০ জুন) ॥ প্রয়োজনীয় কাজ ফেলে না রেখে সঠিক সময়ে শেষ করুন। সুফল পাবেন। শিক্ষার্থীদের জন্য দিনটি শুভ নয়। মানসিক অস্থিরতা দেখা দিতে পারে। আর্থিক দিক ভালো যাবে।



কর্কট রাশি (২১ জুন-২০ জুলাই) ॥ চাকরিজীবীদের জন্য দিনটি শুভ সম্ভাবনাময়। পারিবারিক কারণে মন খুব একটা ভালো থাকবে না। দাম্পত্য শান্তি বজায় থাকবে। ব্যবসায়ীদের জন্য দিনটি অনুকূল থাকবে। অর্থ প্রাপ্তির সম্ভাবনা রয়েছে।



সিংহ রাশি (২১ জুলাই-২১ আগস্ট) ॥ পারিবারিক দিক ভালো যাবে। কোন ধরনের সুযোগ হাতে আসতে পারে। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ নয়। স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। ব্যয় বৃদ্ধি পাবে।



কন্যা রাশি (২২ আগস্ট-২২ সেপ্টেম্বর) ॥ মিথ্যা বদনামের সম্মুখীন হতে পারেন। মানসিক চঞ্চলতা দেখা দিতে পারে। ব্যবসা ক্ষেত্রে বাধা কমে আসবে। আর্থিক দিক ভালো যাবে। তথাপি ব্যয় বৃদ্ধির আশঙ্কা আছে।



তুলা রাশি (২৩ সেপ্টেম্বর-২২ অক্টোবর) ॥ সামাজিক কাজে সুনাম ও মর্যাদা বৃদ্ধি পেতে পারে। আর্থিক দিক ভালো যাবে। দাম্পত্য শান্তি বজায় থাকবে। সন্তানের স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। রোমাঙ্গ শুভ নয়।



বৃশ্চিক রাশি (২৩ অক্টোবর-২১ নভেম্বর) ॥ আইন, প্রকাশনী ও বিলাসদ্রব্য ব্যবসায়ীদের জন্য দিনটি শুভ সম্ভাবনাময়। আজ কোন বন্ধুর সহযোগিতা পেতে পারেন। চিন্তাচঞ্চল্য দেখা দিতে পারে। আর্থিক দিক ভালো যাবে। যাত্রা ও যোগাযোগ শুভ।



ধনু রাশি (২২ নভেম্বর-২০ ডিসেম্বর) ॥ বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ সম্ভাবনাময়। সামাজিক গঠনমূলক কাজের স্বীকৃতি পেতে পারেন। ব্যবসা ক্ষেত্রে লাভবান হতে পারেন। সন্তানের সাফল্য আনন্দ লাভ করবেন। যাত্রা ও যোগাযোগ শুভ।



মকর রাশি (২১ ডিসেম্বর-১৯ জানুয়ারী) ॥ মন আজ কিছুটা চঞ্চল হয়ে উঠতে পারে। মানসিক অস্থিরতা কাজকর্ম বিঘ্নিত করতে পারে। কলহ-বিবাদ এড়িয়ে চলার চেষ্টা করুন। পারিবারিক শান্তি বজায় থাকবে। আয় বৃদ্ধি পাবে।



কুম্ভ রাশি (২০ জানুয়ারী-১৮ ফেব্রুয়ারী) ॥ আজ কোন অসৎ ব্যক্তির সংসর্গে প্রতারণার সম্মুখীন হতে পারেন। পারিবারিক দিক ভালো যাবে বলে আশা করা যায়। ব্যবসায়িক দিক মোটামুটি ভালো যাবে। স্বাস্থ্য সম্পর্কে সতর্কতা অবলম্বন করুন। ব্যয় বৃদ্ধি পাবে।



মীন রাশি (১৯ ফেব্রুয়ারী-২০ মার্চ) ॥ বিদ্যার্থীদের পড়াশোনায় মনসংযোগ রক্ষা করা কঠিন হবে। পারিবারিক ব্যাপারে মন দুশ্চিন্তাগ্রস্ত থাকতে পারে। কাজকর্মে সফলতা পেতে পারেন। আর্থিক দিক ভালো যাবে। যাত্রা শুভ নয়।

ম মুহম্মদ আনিসুল হক